গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
সংখ্যা : ১০/২০১৭

ঢাকা, বৃহস্পতিবার ১২ জানুয়ারি ২০১৭, ২৯ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নির্বাচন কমিশন গঠনে আইন করাসহ চার প্রস্তাব আওয়ামী লীগের : রাষ্ট্রপতির সঙ্গে সংলাপ

২। মিয়ানমারের নাগরিকদের ফিরিয়ে নিন : সু চির বিশেষ দূতকে প্রধানমন্ত্রী

৩। জেলা পরিষদের হাতে পর্যাপ্ত ক্ষমতা থাকবে : প্রধানমন্ত্রী

৪। আজ সন্ধ্যায় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশে ভাষণ দেবেন

৫। শতভাগ পেনশন তোলার সিদ্ধান্ত ভুল : অর্থমন্ত্রী

৬। বঙ্গোপসাগরের ১৬ নং ব্লকে খনিজ সম্পদ অনুসন্ধানসহ ৩ প্রস্তাব অনুমোদন

৭। সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে বিশেষ বাহিনী গঠন হচ্ছে
: রংপুরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সংসদীয় কমিটির বৈঠক

৮। ২০১৭ সাল হবে ঘুষখোর আর দুর্নীতিবাজদের আতঙ্কের বছর : দুদক চেয়ারম্যান

৯। মোবাইল ব্যাংকিং এ লেনদেন সীমা কমল : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

১০। ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু আজ

১১। টঙ্গীর তুরাগ নদের তীরে আগামীকাল শুরু হচ্ছে বিশ্ব ইজতেমা

১২। কিশোরগঞ্জের কুলিয়ারচরে বিশ্বের সবচেয়ে বড় ব্যবহারিক বিজ্ঞান ক্লাস অনুষ্ঠিত

১৩। প্রতিবন্ধীবান্ধব ২৫ হাজার ওয়েবসাইট চালু
৪৩ হাজার সরকারি কার্যালয়ের জন্য বিশ্বের সর্ববৃহৎ ওয়েবপোর্টাল জাতীয় তথ্য বাতায়ন

চলমান পাতা-২

১। **নির্বাচন কমিশন গঠনে আইন করাসহ চার প্রস্তাব আওয়ামী লীগের : রাষ্ট্রপতির সঙ্গে সংলাপ**

রাষ্ট্রপতির সঙ্গে সংলাপে নতুন নির্বাচন কমিশন (ইসি) গঠনে সম্ভব হলে এখনই একটি আইন প্রণয়ন এবং আগামী জাতীয় নির্বাচনে ই-ভোটিং প্রবর্তনসহ চার দফা প্রস্তাব দিয়েছে আওয়ামী লীগ। একই সঙ্গে সংবিধানের **১১৮** অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি প্রধান নির্বাচন কমিশনার ও অন্য নির্বাচন কমিশনারদের নিয়োগ দেবেন এমন প্রস্তাব দিয়ে তার সিদ্ধান্তের প্রতি পূর্ণ আস্থার কথা জানিয়েছে দলটি। এ ছাড়া অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে **১১**টি সুপারিশ তুলে ধরেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। ইসি গঠন নিয়ে গতকাল **১১** জানুয়ারি বুধবার বিকেলে বঙ্গভবনের দরবার হলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে আওয়ামী লীগের সংলাপ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার নেতৃত্বে ১৯ সদস্যের প্রতিনিধি দল সংলাপে অংশ নেয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **সংবাদ, ভোরের কাগজ, প্রথম আলো, অবজারভার, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **মিয়ানমারের নাগরিকদের ফিরিয়ে নিন : সু চির বিশেষ দূতকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে অবস্থানরত মিয়ানমারের নাগরিকদের সেদেশে ফিরিয়ে নেওয়ার জন্য মিয়ানমারের প্রতি তার আহবান পুনর্ব্যক্ত করেছেন। গতকাল **১১** জানুয়ারি বুধবার সন্ধ্যায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মিয়ানমারের সফররত পররাষ্ট্র প্রতিমন্ত্রী উ কিয়াও টিন সাক্ষাৎ করতে এলে প্রধানমন্ত্রী একথা বলেন। বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, দুই দেশ আলোচনার মাধ্যমে শরণার্থী সমস্যার একটি স্থায়ী সমাধানে উপনীত হতে পারে। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বৈঠকের পরে এ বিষয়ে অবহিত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৩। **জেলা পরিষদের হাতে পর্যাপ্ত ক্ষমতা থাকবে : প্রধানমন্ত্রী**

মানুষের সেবা ও উন্নয়নে জেলা পরিষদের হাতে পর্যাপ্ত ক্ষমতা থাকবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি সরকারের উন্নয়ন কাজের ধারাবাহিকতা রক্ষা করে সততা, নিষ্ঠা ও একাগ্রতার সঙ্গে নবনির্বাচিত জেলা পরিষদ চেয়ারম্যানদের দায়িত্ব পালনের আহবান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল **১১** জানুয়ারি বুধবার সকালে তাঁর তেজগাঁও কার্যালয়ে জেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যানদের শপথবাক্য পাঠ করানো শেষে দেওয়া ভাষণে এ আহ্বান জানান। এদিন ৫৯ জন জেলা পরিষদ চেয়ারম্যানকে শপথবাক্য পাঠ করান প্রধানমন্ত্রী। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৩)।

৪। **আজ সন্ধ্যায় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশে ভাষণ দেবেন**

সরকারের তিন বছর পূর্তিতে আজ **১২** জানুয়ারি বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে সাতটায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল **১১** জানুয়ারি বুধবার প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ তথ্য নিশ্চিত করেন। প্রেস সচিব বলেন, জাতীয় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় জাতির সামনে তুলে ধরে বক্তব্য দেবেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর বক্তব্য সন্ধ্যা সাড়ে সাতটায় বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ও বাংলাদেশ বেতারে একযোগে সম্প্রচার করা হবে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৫। **শতভাগ পেনশন তোলার সিদ্ধান্ত ভুল : অর্থমন্ত্রী**

যেসব সরকারি চাকরিজীবী অবসরের পর পেনশনের পুরো টাকা তুলে নিয়েছেন, তারা ভুল করেছেন বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল **১১** জানুয়ারি বুধবার সচিবালয়ে সরকারি ক্রয় কমিটির বৈঠক শেষে এ কথা বলেন তিনি। বেসরকারি খাতের পেনশন পদ্ধতি চালু প্রসঙ্গে অর্থমন্ত্রী বলেন, সবার জন্য এ সিস্টেম চালু করা হবে। আগামী বাজেটের আগেই চূড়ান্ত করা হবে। অর্থমন্ত্রী আরও বলেন, ভবিষ্যতে পেনশনভোগীদের যেন কোনো সমস্যা না হয়, সে জন্যই নতুন বিধান করা হয়েছে। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

৬। **বঙ্গোপসাগরের ১৬ নং ব্লকে খনিজ সম্পদ অনুসন্ধানসহ ৩ প্রস্তাব অনুমোদন**

বঙ্গোপসাগরের ১৬ নং ব্লকে খনিজ সম্পদ অনুসন্ধানের জন্য বাপেক্স ও অস্টেলিয়ার বহুজাতিক কোম্পানি সান্তোসকে অনুমোদনসহ তিনটি প্রস্তাব নীতিগত অনুমোদন দিয়েছে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল **১১** জানুয়ারি সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৭। **সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে বিশেষ বাহিনী গঠন হচ্ছে**
: রংপুরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সংসদীয় কমিটির বৈঠক

স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় কমিটির সভাপতি টিপু মুন্সি বলেছেন, সন্ত্রাস এবং জঙ্গিবাদ দমনে জরুরি ভিত্তিতে কাউন্টার টেরোরিস্ট টিম গঠন করার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। এ বাহিনী দেশের যে কোনো প্রান্তেই সন্ত্রাস বা জঙ্গিবাদবিরোধী কর্মকান্ডে সরাসরি অংশ নেবে। এজন্য তাদের সর্বাধুনিক অস্ত্রসস্ত্রসহ রসদ সরবরাহ করা হবে। তিনি গতকাল **১১** জানুয়ারি বুধবার রংপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির বিশেষ সভা শেষে সভার সিদ্ধান্ত অবহিত করার সময় একথা বলেন। অন্যদিকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, গাইবান্ধা-১ আসনের আওয়ামী লীগ দলীয় এমপি লিটন হত্যাকারীদের গ্রেফতার করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অচিরেই খুনিদের গ্রেফতার করে কেন ও কিভাবে খুন হলো তা উদঘাটন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২)।

৮। **২০১৭ সাল হবে ঘুষখোর আর দুর্নীতিবাজদের আতঙ্কের বছর : দুদক চেয়ারম্যান**

দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেছেন, ২০১৭ সাল হবে ঘুষখোর আর দুর্নীতিবাজদের আতঙ্কের বছর। যেখানে ঘুষ ও দুর্নীতির অভিযোগ সেখানেই হানা দেবে দুদক। দুর্নীতিবাজদের ধরতে ফাঁদ পাতা হবে। ঘুষ নেওয়া এবং দেওয়া দুটিই অপরাধ। গতকাল **১১** জানুয়ারি বুধবার দুদক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে প্রতিষ্ঠানের চেয়ারম্যান এসব কথা বলেন। ২০১৫ ও ২০১৬ সালে দুদকের কর্মকাণ্ড এবং ২০১৭ সালে দুদকের কাজের পরিকল্পনা তুলে ধরে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে দুদক। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

৯। **মোবাইল ব্যাংকিং এ লেনদেন সীমা কমল : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে লেনদেন সীমা কমিয়ে দিয়েছে বাংলাদেশ ব্যাংক। পাশাপাশি জাতীয় পরিচয়পত্রের বিপরীতে এক মোবাইল ব্যাংকিং সেবায় শুধু একটি হিসাব চালু রাখার নির্দেশ দেওয়া হয়েছে। একই সেবায় একাধিক হিসাব থাকলে একটি চালু রেখে অন্য হিসাবগুলো বন্ধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল **১১** জানুয়ারি বুধবার এক প্রজ্ঞাপনের মাধ্যমে ব্যাংকগুলোকে তাৎক্ষণিক এ নির্দেশনা পরিপালনের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪)।

১০। **ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু আজ**

'নান্দনিক চলচ্চিত্র, মননশীল দর্শক, আলোকিত সমাজ' স্লোগান নিয়ে আজ **১২** জানুয়ারি বৃহস্পতিবার রাজধানীতে শুরু হতে যাচ্ছে পঞ্চদশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। বিকাল সাড়ে ৩টায় জাতীয় জাদুঘর মিলনায়তনে উৎসবের উদ্বোধন করবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। উদ্বোধন অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে থাকবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, আন্তর্জাতিক চলচ্চিত্র সমালোচক ফেডারেশনের সভাপতি আলিন তাসকীয়ান। রেইনবো ফিল্ম সোসাইটির ২৫ বছর পূর্তিতে এবারের উৎসবে বাংলাদেশসহ বিশ্বের ৬৭টি দেশের ১৮৮টি চলচ্চিত্র দেখার সুযোগ পাবে সিনেমাপ্রেমীরা। জাতীয় জাদুঘর, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের শওকত ওসমান মিলনায়তন, আলিয়ঁস ফ্রঁসেজ, ইএমকে সেন্টার মিলনায়তন ও স্টার সিনেপ্লেক্সের পাঁচটি ভেন্যুতে চলবে ৯ দিনব্যাপী এ উৎসব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২)।

১১। **টঙ্গীর তুরাগ নদের তীরে আগামীকাল শুরু হচ্ছে বিশ্ব ইজতেমা**

টঙ্গীর তুরাগ নদের তীরে আগামীকাল **১৩** জানুয়ারি শুক্রবার থেকে শুরু হচ্ছে তাবলিগ জামাত আয়োজিত বার্ষিক বিশ্ব ইজতেমা। আগামী **১৫** জানুয়ারি রোববার আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হবে ইজতেমার প্রথম পর্ব। আগামী ২০ জানুয়ারি শুরু হবে দ্বিতীয় পর্ব। ২২ জানুয়ারি আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হবে দ্বিতীয় পর্বের বিশ্ব ইজতেমা। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮),

১২। **কিশোরগঞ্জের কুলিয়ারচরে বিশ্বের সবচেয়ে বড় ব্যবহারিক বিজ্ঞান ক্লাস অনুষ্ঠিত**

গিনেস ওয়ার্ল্ড রেকর্ড বুকে বাংলাদেশের নাম অন্তর্ভুক্তির লক্ষ্যে অনুষ্ঠিত হলো বিশ্বের সবচেয়ে বড় বিজ্ঞান ও আইসিটি বিষয়ক ব্যবহারিক ক্লাস। গতকাল **১১** জানুয়ারি বুধবার কিশোরগঞ্জের কুলিয়ারচর উপজেলা প্রশাসনের

আয়োজনে থানার মাঠে ৩ হাজার ২শ'র বেশি শিক্ষার্থী নিয়ে এই ব্যবহারিক ক্লাস অনুষ্ঠিত হয়। **১৩টি** প্রাথমিক বিদ্যালয় ও পাঁচটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পঞ্চম থেকে সপ্তম শ্রেণির ছাত্র-ছাত্রীরা এতে অংশগ্রহণ করে। সুষ্ঠুভাবে ক্লাস নেওয়ার জন্য সেখানে **২১টি** এলইডি মনিটর সিস্টেম ব্যবহার করা হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

১৩। প্রতিবন্ধীবান্ধব ২৫ হাজার ওয়েবসাইট চালু
৪৩ হাজার সরকারি কার্যালয়ের জন্য বিশ্বের সর্ববৃহৎ ওয়েবপোর্টাল জাতীয় তথ্য বাতায়ন

বাংলাদেশে প্রতিবন্ধীরাও ব্যবহার করছেন ওয়েবসাইট। দেখতে পান না, শুনতে পান না, কিংবা কথা বলতে পারেন না, দুই হাতও নেই এমন ব্যক্তিও এই সকল ওয়েবসাইট ব্যবহার করতে পারেন। আর এই ওয়েবসাইট সম্বলিত ওয়েবপোর্টালটি বিশ্বের সর্ববৃহৎ প্রতিবন্ধীবান্ধব ওয়েবপোর্টাল যা বাংলাদেশের জাতীয় তথ্য বাতায়ন নামকরণ করা হয়েছে। ৪৩ হাজার সরকারি কার্যালয়ের জন্য ২৫ হাজার ওয়েবসাইট তৈরি শেষ হয় গত জুন মাসে। সূত্র-**ইত্তেফাক** (শেষ.পৃ,ক ৫)।

ক. **ইত্তেফাক :** কর্মস্থলে দুর্ঘটনাজনিত মৃত্যুহার হ্রাস করতে সংশ্লিষ্ট সকল পক্ষকে সচেতন ও দায়িত্বশীল হওয়ার পাশাপাশি নীতিনির্ধারক মহলকে কঠোর হওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** সারাদেশে বিদ্যমান ২ হাজার ৫৪১টি রেল ক্রসিংয়ের ৮৫ শতাংশ অরক্ষিত থাকার বিষয় তুলে ধরে রেল ক্রসিংগুলোকে নিরাপদ করাসহ রেল কর্তৃপক্ষকে জবাবদিহিতার আওতায় আনার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** শাকসবজি রফতানির পথ ও পদ্ধতি সহজসাধ্য করে তোলাসহ দেশের পাশাপাশি বিদেশেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নিয়মিত বাংলাদেশি শাকসবজি, ফলমূল ইত্যাদি কৃষিপণ্যের মেলার আয়োজন করার আহ্বান।

ঘ. **প্রথম আলো :** দারিদ্র্যের কারণে কেরানীগঞ্জে শতাধিক ইটভাটায় ১২ বছরের নিচে ৫০০ শিশুশ্রমিকের কাজ করার পরিপ্রেক্ষিতে দারিদ্র্য দূর করার পাশাপাশি কেরানীগঞ্জের ইটভাটাসহ যেসব প্রতিষ্ঠান শিশুদের শ্রমে নিয়োগ করছে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ঙ. **সমকাল, যুগান্তর, ভোরের কাগজ, জনকণ্ঠ :** বর্তমান সরকারের বিগত তিন বছরের সাফল্য তুলে ধরে এ সরকারের মেয়াদকালে রাজনৈতিক ও অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রেখে দেশ আরও এগিয়ে যাবে, সমৃদ্ধ বাংলাদেশ গড়ে উঠবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **যুগান্তর :** রাজধানীর অভিজাত এলাকার ক্লাব ও খেলাধুলার ক্লাবগুলোতে পুনরায় জুয়ার আসর চালু হওয়ায় বৃহৎ স্বার্থে দ্রুত জুয়া ও হাউজির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে আরও ১৭টি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগের পরিপ্রেক্ষিতে বর্তমান প্রেক্ষাপটে ঢাকায় এ ধরনের আর কোনো প্রতিষ্ঠান স্থাপন না করে জেলা ও উপজেলা শহরে গুণগত মানসম্পন্ন মনে হলে তা গড়ে তোলার আহ্বান।

জ. **ডেইলি সান :** ই-কমার্সের সুযোগ নিয়ে অন-লাইনে চুরি করা মোবাইল ফোন, ল্যাপটপ ও ঘড়ি বিক্রি করার মতো নানা ঘটনায় ক্রেতাদের আস্থা ও বিশ্বাস নষ্ট হওয়ার আশঙ্কা করে এ খাতের সম্ভাবনা ধরে রাখতে দ্রুত আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **ডেইলি স্টার :** পর্যাপ্ত নিরাপত্তা ও সতর্কতামূলক ব্যবস্থা না নিয়ে চট্টগ্রামে ফ্লাইওভার নির্মাণাধীন থাকায় জনস্বার্থে নির্মাণকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** সাভারের ট্যানারির বর্জ্যের ও লবণ মিশ্রিত পানিতে ধলেশ্বরী নদীর পানি ক্রমান্বয়ে দূষিত হয়ে পড়ার আশঙ্কায় ট্যানারির বর্জ্য সঠিকভাবে সংশোধনে দ্রুত সিইটিপির ক্ষমতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে যে রাষ্ট্রীয় ও জাতীয় সংস্কৃতির চেতনায় দেশ স্বাধীন হয়েছিল তার অবস্থান সমাজে কোথায়, কী অবস্থায়, কতটুকু আছে তার বাস্তবতা খুঁজে বের করা প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে **'শিক্ষার্থীদের নৈতিক ও মানবিক গুণাবলি বিকাশ জরুরি'** শিরোনামের নিবন্ধে শরীফুল্লাহ মুক্তি নৈতিক ও মানবিক গুণাবলির বিকাশ মূলত পরিবার ও পারিপার্শ্বিক অবস্থা থেকে ঘটায় এক্ষেত্রে পরিবার, সমাজ, শিক্ষা প্রতিষ্ঠান সবাইকে সমভাবে ভূমিকা রাখতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা